ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র



# নিউজ সারাদিন



বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

DL- No.-03 /Date:29/02/2025 ● Prgi Application Process No. : T/WB/2024/0617/6991/1130 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/

● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ০৭৩ ● কলকাতা ● ০৩ চৈত্র, ১৪৩১ ● সোমবার ● ১৭ মার্চ ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা


## সুপ্রিম কোর্টের বিচারপতি পদে সোমেই শপথ জয়মাল্য বাগচির



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

সুপ্রিম কোর্টের বিচারপতি পদে সোমবারই শপথ নেবেন বিচারপতি জয়মাল্য বাগচি। সোমবার তাঁকে শপথবাক্য পাঠ করাবেন প্রধান বিচারপতি সঞ্জীব খান্না। উপস্থিত থাকবেন সুপ্রিম কোর্টের অন্য বিচারপতিরাও।সব ঠিক থাকলে ২০৩১ সালে বিচারপতি কেভি বিশ্বনাথনের অবসর গ্রহণের পর বিচারপতি বাগচিই হতে চলেছেন দেশের প্রধান বিচারপতি। তবে সেই বছরের মে মাসে দায়িত্ব নিলেও অক্টোবরেই অবসর নেওয়ার কথা তাঁর। যদি সেটাই হয়, তাহলে জয়মাল্য বাগচিই আলতামাস কবীরের পর কলকাতা থেকে প্রধান বিচারপতি হবেন।

সুপ্রিম কোর্টে অনুমোদিত বিচারপতির সংখ্যা ৩৪। এই মুহূর্তে শীর্ষ আদালতে ৩২ জন বিচারপতি কর্মরত।জয়মাল্য বাগচি শপথ নিলে সোমবার থেকে সেটা হবে ৩৩। গত ৬ মার্চ দেশের শীর্ষ আদালতের

এরপর ৩ পাতায়


## সুন্দরবনে এলেন বিএসএফের ডিজি



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

উত্তপ্ত বাংলাদেশ। কাঁটাতারহীন সীমান্ত দিয়ে বারবার ভারতে ঢুকে পড়ার চেষ্টা করছে বাংলাদেশিরা। কখনও ভারতীয় সীমান্তে ঢুকে ফসল কেটে নিয়ে যাওয়ার চেষ্টা করছে। আবার সীমান্তে কাঁটাতার বসাতে বিএসএফ-কে বাধা দিচ্ছে বিজিবি। এই পরিস্থিতিতে উত্তর ২৪ পরগনার সুন্দরবন সীমান্তে মোতায়েন জওয়ানদের সঙ্গে হোলি উৎসবে সামিল হতে আসেন বিএসএফ ডিজি দলজিৎ সিং চৌধুরি। সুন্দরবন এলাকা পরিদর্শনের সময়

এরপর ৩ পৃষ্ঠায়




# বিজেপির রাজ্য সভাপতি 'বদল' কবে? 'মেগা'বৈঠক শেষে মুখ খুললেন সুকান্ত




স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

রাজ্য বিজেপিতে সভাপতি পদে সুকান্ত মজুমদারের উত্তরসূরি কে? তা নিয়ে জোর জল্পনা গেরুয়া শিবিরের অন্দরে। পরবর্তী রাজ্য সভাপতি এবং একাধিক জেলা সভাপতি নির্বাচন নিয়ে রবিবারই সল্টলেকে বৈঠকে করেছে বিজেপির কোর কমিটি। সেই বৈঠকে রাজ্য শেষে সভাপতি নির্বাচনের বিষয়টি নিয়ে মুখ খুলেছেন খোদ সুকান্ত মজুমদার। সল্টলেকের ঝাঁ চকচকে অফিসে ঢোকার মুখেও সাংবাদিকদের মুখোমুখি হন সুকান্ত। তাঁদের প্রশ্নের উত্তরে বিজেপির রাজ্য সভাপতি বলেন, "নেতার পরিবর্তন হয় মুখের পরিবর্তন হয়। পদে নতুন নেতা আসে কিন্তু কাজের পরিবর্তন হয় না। নতুন রাজ্য সভাপতি নির্বাচন করতে আমরা প্রস্তুত। ২৫ জন জেলা সভাপতির নাম ইতিমধ্যেই ঘোষণা হয়েছে। ২২ জন জেলা সভাপতির নাম ঘোষণা হলেই ভোটাভুটির মাধ্যমে রাজ্য সভাপতির নাম ঘোষণা হতে পারে।" তবে তিনি এটাও মনে করিয়ে দেন যে রাজ্য সভাপতি পদ নিয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেবে কেন্দ্রীয় নেতৃত্বই। সেই সিদ্ধান্ত খুব তাড়াতাড়ি নেওয়া হবে বলেও জানিয়ে দেন সুকান্ত।

জানিয়ে দিলেন, রাজ্য সভাপতি নিয়োগ কেন্দ্রীয় নেতৃত্বের সিদ্ধান্তের উপর নির্ভর করে। কিন্তু এবিষয়ে এখনও কোনও কেন্দ্রীয় নির্দেশ আসেনি।

## দুই বন্ধুর মৃতদেহ উদ্ধার ঘনাচ্ছে রহস্য, খুন নাকি দুর্ঘটনা

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

সাত সকালেই জোড়া মৃতদেহ উদ্ধার, পাশেই পড়ে বাইক, বাইক দুর্ঘটনায় মৃত্যু নাকি পিছনে অন্য কোনও? জোর চাপানউতোর বাঁকুড়ায়। এদিন সাত সকালেই গ্রামের প্রান্তে একটি ইটের স্তূপের পাশে দুই যুবকের দেহ পড়ে থাকতে দেখেন স্থানীয় বাসিন্দারা। অদূরে পড়ে রয়েছে একটি বাইক। কাকভোরে হাঁটতে বেরিয়ে এমন দৃশ্য দেখে কার্যত চমকে উঠেছিলেন বাঁকুড়ার গঙ্গাজলঘাটি থানার শালবেদিয়া গ্রামের মানুষেরা।

প্রাথমিকভাবে পুলিশের অনুমান বাইকে নিয়ে যাওয়ার সময় পথেই নিয়ন্ত্রণ হারিয়ে ওই দুই যুবক রাস্তার ধারে স্তূপ করে রাখা ইটের গাদায় ধাক্কা মারে। ঘটনাস্থলেই মৃত্যু হয় দু'জনের। ওই দুই যুবকের মৃত্যুর পিছনে নিছক দুর্ঘটনা নাকি অন্য কোনও কারণ লুকিয়ে রয়েছে তা খতিয়ে দেখছে পুলিশ। চাপানউতোর এলাকায়। তড়িঘড়ি থানায় খবর দেওয়া হলে পুলিশ মৃতদেহ দুটি উদ্ধার করে

এরপর ৬ পাতায়

## মার্চের শেষেই বঙ্গে অমিত শাহ, নববর্ষের পরই ভোটযুদ্ধে ঝাঁপাচ্ছে বঙ্গ বিজেপি?

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন



আর একবছর পর রাজ্যে বিধানসভা ভোট। বঙ্গ বিজেপি ভোটের প্রস্তুতিও শুরু হয়েছে। এবার সাংগঠনিক কাজকর্ম খতিয়ে দেখতে বাংলায় আসছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। একদিনের সফরসূচিতে তিনি কলকাতায় আসবেন। আজ রবিবার এই কথা জানা গিয়েছে। শাহ গেমপ্ল্যানের পরই কি বাংলা নববর্ষ কাটলে ভোটের জন্য ঝাঁপাবে বঙ্গ বিজেপি?রাজ্যে 'ভুয়ো' ভোটার নিয়ে তৃণমূল কংগ্রেস সরব হয়েছে। দিল্লির নির্বাচন কমিশনের দফতরেও দাবি তুলে ধরেছেন তৃণমূলের সংসদীয় প্রতিনিধি দল। এদিকে বঙ্গ বিজেপিতে রক্তক্ষরণ চলছেই। উপনির্বাচনে একের পর এক হার। সদ্য হলদিয়ার বিধায়ক তাপসী মণ্ডল বিজেপি থেকে তৃণমূলে যোগ দিয়েছেন। সেই পরিস্থিতিতে দলের উপর চাপ তৈরি হয়েছে। এছাড়াও বঙ্গ বিজেপির সাংগঠনিক জোর কতটা আছে? সেই বিষয় নিয়েও চর্চা চলছে। অনুমান করা হচ্ছে, চলতি মাসেই বিজেপির রাজ্য সভাপতির নতুন নাম ঘোষণা হয়ে যাবে। বঙ্গ বিজেপি নেতৃত্বদের সঙ্গে তারপরই বৈঠক করে আগামী দিনের গেমপ্ল্যান ঠিক করবেন শাহ। এরপর এপ্রিল মাসের মাঝামাঝি, পয়লা বৈশাখের

এরপর ৪ পাতায়






(১ম পাতার পর)

# সুন্দরবনে এলেন বিএসএফের ডিজি

অনুপ্রবেশ রুখতে কার্যকরী পদক্ষেপের জন্য বিএসএফ কর্তাদের প্রশংসা করেন বিএসএফের ডিজি। জওয়ানদের উচ্ছ্বসিত প্রশংসা করেন। বলেন, অত্যন্ত কঠিন এবং সংবেদনশীল পরিস্থিতির মুখেও তাঁদের সাহস এবং কর্তব্যবোধ অত্যন্ত প্রশংসনীয়। তাঁর কথায়, বিএসএফ জওয়ানদের অদম্য সাহস এবং তীক্ষ্ণ নজরদারিতে সুন্দরবন এলাকার নিরাপত্তা ব্যবস্থা আরও শক্তিশালী হয়ে উঠেছে। তিনি বলেন, সীমান্তে মোতায়েন প্রত্যেক জওয়ান একজন অবিচল প্রহরী এবং তাঁদের অটল নিষ্ঠা সমগ্র দেশের কাছে গর্বের।শুক্রবার তিনি দক্ষিণবঙ্গ সীমান্তের সুন্দরবন এলাকাও পরিদর্শন করেন। বিএসএফের শীর্ষ আধিকারিকদের সঙ্গে বৈঠকও করেন ডিজি। বিএসএফ সূত্রে জানা গিয়েছে, সীমান্তে নিরাপত্তা ব্যবস্থা খতিয়ে দেখেন বিএসএফের ডিজি। দক্ষিণবঙ্গ সীমান্তের অপারেশনাল প্রস্তুতির পর্যালোচনা করেন। বিএসএফ পূর্বাঞ্চলীয় কমান্ডের অতিরিক্ত ডিজি রবি গান্ধী, দক্ষিণবঙ্গ সীমান্তের ইন্সপেক্টর জেনারেল করণী সিং শেখাওয়াত এবং অন্য ঊর্ধ্বতন কর্মকর্তারা সুন্দরবন সফরে তাঁর সঙ্গে ছিলেন। রাজারহাটে দক্ষিণবঙ্গ ফ্রন্টিয়ারের সদর দফতরে বিএসএফের ঊর্ধ্বতন কর্মকর্তাদের সঙ্গে একটি বৈঠকও করেন বিএসএফের ডিজি। এই বৈঠকের উদ্দেশ্য ছিল, ভারত-বাংলাদেশ সীমান্তে নিরাপত্তা পরিস্থিতি পর্যালোচনা করা। বৈঠকে দক্ষিণবঙ্গ সীমান্তের ইন্সপেক্টর জেনারেল করণী সিং শেখাওয়াত নিরাপত্তা ব্যবস্থা এবং যেকোনও জরুরি পরিস্থিতিতে অভিযানের প্রস্তুতি সম্পর্কে বিস্তারিত তথ্য জানান। অপরাধ দমন এবং অনুপ্রবেশ রোধে গৃহীত উদ্যোগ এবং ব্যবস্থা সম্পর্কে গভীর আগ্রহ প্রকাশ করেন বিএসএফের ডিজি। সীমান্তে নিরাপত্তা জোরদার এবং অপরাধমূলক কার্যকলাপ রোধে পদক্ষেপের প্রশংসা করেন। একইসঙ্গে কর্মকর্তাদের সতর্ক থাকার নির্দেশ দেন দলজিৎ সিং চৌধুরি। অনুপ্রবেশ এবং অবৈধ কার্যকলাপ রোধে তিনি অত্যাধুনিক প্রযুক্তি এবং উদ্ভাবনী কৌশলের সর্বাধিক ব্যবহারের প্রয়োজনীয়তার উপর জোর দেন।

(১ম পাতার পর)

# সুপ্রিম কোর্টের বিচারপতি পদে সোমেই শপথ জয়মাল্য বাগচির

বিচারপতি হিসেবে কলকাতা হাই কোর্টের এই অভিজ্ঞ বিচারপতির নাম সুপারিশ করে কলেজিয়াম। তারপর আইনমন্ত্রক সেই সুপারিশ প্রথামাফিক রাষ্ট্রপতির কাছে পাঠায়। রাষ্ট্রপতি অনুমোদন দেওয়ায় গত সোমবার সুপ্রিম কোর্টের বিচারপতি পদে বিচারপতি বাগচির নাম চূড়ান্ত হয়। সোমবার থেকেই তাঁর কেরিয়ারের নতুন অধ্যায় শুরু হবে। সব মিলিয়ে ৬ বছরের কিছু বেশি সময় সুপ্রিম কোর্টের বিচারপতি পদে থাকবেন তিনি। জয়মাল্য বাগচি কলকাতা হাই কোর্টের বিচারপতি হন ২০১১ সালের ২৭ জুন। ২০২১ সালের ৪ জানুয়ারি তিনি অন্ধ্রপ্রদেশ হাই কোর্টের বিচারপতির দায়িত্ব পান। কিন্তু ৮ নভেম্বর ফের তিনি কলকাতা হাই কোর্টে ফেরেন। সেই থেকে তিনি কলকাতা হাই কোর্টের বিচারপিত দায়িত্বই পালন করছেন। এবার, সব মিলিয়ে ১৩ বছরেরও বেশি সময় হাই কোর্টের বিচারপতি থাকার পর তাঁকে সুপ্রিম কোর্টের বিচারপতি হিসেবে দায়িত্ব নেবেন তিনি। কলেজিয়ামের তরফে যে বিবৃতি দেওয়া হয়েছে, সেখানে বলা হয়েছে, 'দীর্ঘদিন হাই কোর্টের বিচারপতি থাকাকালীন জয়মাল্য বাগচি আইনের বিভিন্ন ক্ষেত্রে তাৎপর্যপূর্ণ অভিজ্ঞতার অধিকারী হয়েছেন।' প্রসঙ্গত, শিক্ষক নিয়োগ দুর্নীতি মামলা বা কামদুনি মামলার মতো মামলায় হাই কোর্টের বিচারপতি পদে ছিলেন জয়মাল্য বাগচিই।

# বিপজ্জনক অ-প্রত্যয়িত পণ্য বিক্রি নিয়ে ই-বাণিজ্য প্ল্যাটফর্মগুলিতে তল্লাশি ভারতীয় মানক ব্যুরোর

**নয়াদিল্লি, ১৫ মার্চ, ২০২৫**

বিপজ্জনক অ-প্রত্যয়িত পণ্য বিক্রি নিয়ে লক্ষ্ণৌ, দিল্লি ও গুরুগ্রামের মতো শহরগুলিতে আমাজন, ফ্লিপকার্ট সহ প্রথম সারির ই-বাণিজ্য প্ল্যাটফর্মগুলির বিভিন্ন গুদামে তল্লাশি অভিযান চালায় ভারতীয় মানক ব্যুরো। ৭ মার্চ ২০২৫ তারিখে লক্ষ্ণৌয় আমাজনের গুদামে হানা দিয়ে ২১৫টি খেলনা ও ২৪টি ছোট মিক্সার বাজেয়াপ্ত করা হয়। এগুলির বিআইএস শংসাপত্র ছিল না। প্রয়োজনীয় সুরক্ষা সহ ক্রেতাদের কাছে সঠিক মানের পণ্য পৌঁছে দিতে বিভিন্ন ই-বাণিজ্য প্ল্যাটফর্ম ও বাজারের ওপর নজর রেখে চলেছে ভারতীয় মানক ব্যুরো। যেসব ভোগ্যপণ্যের ওপর ভারতীয় মানক ব্যুরো নজরদারি চালাচ্ছে, তার মধ্যে রয়েছে, প্রেসার কুকার, হস্তচালিত ব্লেন্ডার, মিক্সার, বৈদ্যুতিক ইস্ত্রি, খেলনা, হেলমেট, অ্যালুমিনিয়াম ফয়েল প্রভৃতি। কেন্দ্রীয় সরকার সমস্ত পণ্যে বিআইএস স্বীকৃতি বাধ্যতামূলক করেছে।

তল্লাশি চালাতে গিয়ে আমাজন, ফ্লিপকার্ট, মিশো, মিন্ত্রা, বিগ বাস্কেট-এর মতো নামী ই-বাণিজ্য প্ল্যাটফর্মগুলিতে বেশ কিছু অপ্রত্যায়িত পণ্য বিক্রির হদিশ পেয়েছে ভারতীয় মানক ব্যুরো।

# সন্ত্রাসদমন-সংক্রান্ত এডিএমএম-প্লাস বিশেষজ্ঞ কর্মী গোষ্ঠীর ১৪তম বৈঠক অনুষ্ঠিত হবে নতুন দিল্লিতে

**নয়াদিল্লি, ১৬ মার্চ, ২০২৫**

সন্ত্রাসদমন-সংক্রান্ত আসিয়ান প্রতিরক্ষা মন্ত্রীদের বৈঠক-প্লাস (এডিএমএম-প্লাস) বিশেষজ্ঞ কর্মী গোষ্ঠী (ইডব্লুজি)-র বৈঠক আগামী ১৯ ও ২০ মার্চ নতুন দিল্লিতে অনুষ্ঠিত হবে। বৈঠকে যৌথ সভাপতিত্ব করবে ভারত ও মালয়েশিয়া। ১০টি আসিয়ান সদস্য দেশ (ব্রুনেই, কম্বোডিয়া, ইন্দোনেশিয়া, লাও পিডিআর, মালয়েশিয়া, মায়ানমার, ফিলিপিন্স, ভিয়েতনাম, সিঙ্গাপুর এবং থাইল্যান্ড) এবং ৮টি সহযোগী দেশ (অস্ট্রেলিয়া, নিউজিল্যান্ড, কোরিয়া প্রজাতন্ত্র, জাপান, চিন, আমেরিকা ও রাশিয়া), সেইসঙ্গে টিমোর লেস্তে-র প্রতিনিধিরা এতে যোগ দেবেন।

এই প্রথম ভারত ইডব্লুজি-র বৈঠকে যৌথ সভাপতিত্ব করতে চলেছে। ১৯ মার্চ বৈঠকের উদ্বোধনী দিনে বক্তব্য রাখবেন প্রতিরক্ষা সচিব শ্রী রাজেশ কুমার সিং। এডিএমএম-প্লাস অংশগ্রহণকারী দেশগুলির মধ্যে প্রতিরক্ষা বিষয়ক পারস্পরিক সহযোগিতা বিনিময় করে থাকে। বর্তমানে সহযোগিতার ৭টি ক্ষেত্র চিহ্নিত করা হয়েছে। এগুলি হল, সন্ত্রাস দমন, সামুদ্রিক সুরক্ষা, মানবিক সহায়তা ও বিপর্যয় মোকাবিলা ব্যবস্থাপনা, শান্তিরক্ষা অভিযান, সামরিক ওষুধপত্র, মাইন প্রতিরোধী ব্যবস্থা ও সাইবার সুরক্ষা।

## সম্পাদকীয়

### তৃণমূলের সংগঠনে অভিষেকের 'প্রত্যাবর্তন'!

গত ২৭ ফেব্রুয়ারি নেতাজি ইন্ডোরের সভার পর শাসকদলে কৌতূহল তৈরি হয়েছিল, 'দূরত্ব' বাড়ল না কমল? শনিবার অভিষেক বন্দ্যোপাধ্যায়ের ভার্চুয়াল সভার পর সেই কৌতূহলের নিরসন হয়েছে। তৃণমূলের প্রথম সারির নেতাদের অনেকেই বলছেন, সংগঠনে 'প্রত্যাবর্তন' হল অভিষেকের।গত লোকসভা ভোটের দু'মাস আগে ডায়মন্ড হারবারের 'গণ্ডি' ছেড়ে বেরিয়ে সংগঠনে ফিরেছিলেন অভিষেক। বিধানসভা ভোটের এক বছর আগেই ময়দানে নামলেন তিনি। যদিও অভিষেক নিজে মনে করেন, এক বছর নয়, হাতে সময় বড়জোর পাঁচ মাস। কারণ, বর্ষা-উৎসব-পরীক্ষা ইত্যাদিতে বাকি সময়টা চলে যাবে। এখন দেখার, সংগঠনে মাঠ বড় করার যে অনুমোদন অভিষেককে দিয়েছেন মমতা, সেই মাঠে অভিষেক 'ওভারল্যাপে' উঠে গোল করে আসতে পারেন কি না।ডায়মন্ড হারবারের গণ্ডি ছাড়িয়ে মাঠ বড় করলেন সর্বভারতীয় সাধারণ সম্পাদক। তাঁকে সেই জায়গা করে দিলেন দলের সর্বময় নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।

শনিবার অভিষেক-আহূত সভার আলোচ্য ছিল ভোটার তালিকা সংশোধন। কিন্তু সেই বৈঠকেই সার্বিক ভাবে সাংগঠনিক বার্তাও দিয়েছেন তিনি। নির্দিষ্ট সময় উল্লেখ করে বলে দিয়েছেন, পাঁচ দিনের মধ্যে ভোটার তালিকা সংক্রান্ত জেলা কমিটি গঠন হবে, মার্চের তৃতীয়-চতুর্থ সপ্তাহেই সম্পন্ন হয়ে যাবে ব্লকের কমিটি গঠন। পাশাপাশিই অভিষেক জানিয়ে দিয়েছেন, কাজের মূল্যায়নের ভিত্তিতে একাধিক সাংগঠনিক জেলা ও ব্লকগুলির সভাপতি বদল করা হবে।

লোকসভা ভোটের অব্যবহিত পরেই সংগঠন থেকে 'সাময়িক বিরতি' নিয়ে চোখের চিকিৎসা করাতে বিদেশে গিয়েছিলেন অভিষেক। ২১ জুলাইয়ের বার্ষিক শহিদ সমাবেশে তিনি যোগ দেবেন কি না, তা নিয়েও প্রশ্ন উঠে গিয়েছিল। কিন্তু সেই সভার আগের দিন কলকাতায় ফিরেছিলেন তিনি। যোগ দিয়েছিলেন সভায়। সেই মঞ্চ থেকেই অভিষেক ঘোষণা করেছিলেন, লোকসভা ভোটে যে যে এলাকায় দলের ফল খারাপ হয়েছে, সেখানে নেতৃত্ব বদল করা হবে। কিন্তু আট মাসেও তা কার্যকর হয়নি। অগস্ট মাসে আরজি করের ঘটনার পরে যখন রাজ্য তোলপাড়, তখন কয়েকটি এক্স (সাবেক টুইটার) পোস্ট ছাড়া অভিষেক নীরবই ছিলেন। তার পরের দু'মাস উৎসবে কেটে গিয়েছে। রাজনৈতিক কর্মসূচি তখন কমই ছিল। কিন্তু ২০২৫ সাল পড়তেই দেখা যায় অভিষেক নিজেকে আবার ডায়মন্ড হারবারে 'সীমাবদ্ধ' করে ফেলেছেন। গত আড়াই মাস তাঁর যাবতীয় ব্যস্ততা ছিল নিজের লোকসভা কেন্দ্র এলাকায় 'সেবাশ্রয়' কর্মসূচি ঘিরে।

অভিষেক যখন নিজেকে ডায়মন্ড হারবারে 'আবদ্ধ' রেখেছেন, তখন নেত্রী মমতা বারংবার বার্তা দিয়েছেন, দলে 'শেষকথা' বলবেন তিনিই। সরকার, সংসদীয় দল, সংগঠন— সব ক্ষেত্রেই। একটি বৈঠকে মমতা বলেন, তিনিই আরও ১০ বছর দল চালাবেন। এর মধ্যে কয়েক মাস আগে তৃণমূলে মুখপাত্রদের নতুন তালিকা করা হয়েছিল। যে তালিকা থেকে বাদ পড়তে হয়েছিল দলে 'অভিষেক-ঘনিষ্ঠ' বলে পরিচিত একাধিক নেতাকে। সব মিলিয়ে 'দূরত্ব' নিয়ে জল্পনা আরও দানা বাঁধছিল। সেই জল্পনা কখনও উস্কে দিয়েছে এক বছর আগেও অভিষেকের 'ঘনিষ্ঠ বৃত্তে' থাকা নেতার 'উল্টো সুর', কখনও গাঢ় করেছে অভিষেকের দফতর থেকে পাঠানো ক্যালেন্ডারে ছবি-বিতর্ক। যেখানে অভিষেকের তুলনায় মমতার ছবি আকারে কিছুটা বড় ছিল। নজরে আসার পরেই তা বাতিল করেন রাজ্য নেতৃত্ব। নতুন করে ক্যালেন্ডারের নকশা পাঠাতে হয় ক্যামাক স্ট্রিটকে। পুজোর পর থেকে একাধিক ঘটনায় স্পষ্ট হয়েছিল তৃণমূলের 'ভরকেন্দ্র' বদলাচ্ছে।

সেই সূত্রেই শনিবারের সভায় অভিষেকের ভূমিকাকে 'প্রত্যাবর্তন' বলে অভিহিত করা হচ্ছে দলের অন্দরে। তবে পাশাপাশিই তারা এ-ও মনে করিয়ে দিচ্ছেন যে, সংগঠনে 'সেনাপতি'র এই প্রত্যাবর্তনও হয়েছে দলনেত্রীর অনুমোদন ক্রমেই।

# মায়ের আশীর্বাদ অসীম



মৃত্যুঞ্জয় সরদার
(তেইশতম পর্ব)



সম্পদ, অর্থ লাভ করে বাড়ি ফিরছিলেন। চলার পথে অসুস্থতায় মৃত্যু হল তাঁর প্রাণাধিক পুত্রের। বাড়ি ফিরেই ছেলের অন্ত্যেষ্টি করবেন স্থির করে তিনি মাঝিদের বললেন, পুত্রের দেহটাকে ভালো করে ঘি মাখিয়ে রাখতে। তাতে পচন ধরবে না। এদিকে সন্ধ্যা নেমেছে। রাত্রিটা তাই পথেই বিশ্রাম নিতে হবে। চলতে চলতে থামলেন এক বিশাল জঙ্গলের পাশে। স্থানটির নাম চণ্ডীপুর। রাতে ঘুম নেই জয়দত্তের। মৃত ছেলের দেহ আঁকড়ে রাত জাগছেন তিনি। সেই সময় তারামা এক কুমারী মেয়ের রূপ ধরে নৌকার কাছে এসে

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

(২ পাতার পর)

## মার্চের শেষেই বঙ্গে অমিত শাহ, নববর্ষের পরই ভোটযুদ্ধে ঝাঁপাচ্ছে বঙ্গ বিজেপি?

পর থেকে পথে নেমে পড়বেন রাজ্য নেতৃত্ব। বিধানসভা ভোটের জন্য মুরলীধর সেন লেন ঝাঁপাবে। তেমনই অনুমান করা হচ্ছে।সেই চর্চাও শুরু হয়েছে ওয়াকিবহাল মহলে।

রবিবার বঙ্গ বিজেপির তরফে সল্টলেকে কোর কমিটির বৈঠক বসেছিল। রাজ্যে দলের ব্যাটন আগামী দিনে কার হাতে থাকবে? তাই নিয়ে জোর চর্চা চলছে। দলের পরবর্তী রাজ্য সভাপতি কে হবেন? তাই নিয়ে গুঞ্জন হচ্ছে। তারই মধ্যে জানা গেল, এবার রাজ্যে আসছেন কেন্দ্রীয় নেতা অমিত শাহ। চলতি মাসের শেষ দিকে রাতে অমিত শাহ কলকাতা আসবেন বলে প্রাথমিক খবর।

এদিন বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার সাংবাদিকদের মুখোমুখি হয়েছিলেন। সেখানেই তিনি এই বিষয় জানিয়েছেন। আগামী ২৯ মার্চ রাতে অমিত শাহ রাজ্যে আসছেন। ৩০ তারিখ একদিনের সফরসূচিতে তিনি বাংলায় থাকবেন। সাংগঠনিক বৈঠক করবেন তিনি। বঙ্গ বিজেপির নেতাদের নিয়ে আলাদা করে বৈঠকও কররে পারেন তিনি। আগামী দিনের রুটম্যাপ কী হবে? ভোটের আগে কীভাবে গেরুয়া শিবির প্রস্তুতি নিচ্ছে? সেই বিষয়ও জেনে নিজের মতামত দেবেন শাহ। সেই কথাও অনুমান করা হচ্ছে।

## ন্যায় কর্মফলদাতা শনিদেব



-: মৃত্যুঞ্জয় সরদার :-

তবে এ নিয়ে অনেক সন্দেহ হয়ে গেছে মানুষের মনের মধ্যে, শনিদেব কে নিয়ে প্রচুর বিতর্ক সৃষ্টি হয়েছে বহু ক্ষেত্রেই। শনি সবার বড় ঠাকুর হলেও তিনি তাহলে শনি গ্রহ হলেন কিভাবে? প্রশ্নর উত্তর নিয়ে অনিশ্চয়তা রয়ে গেছে আজও! ক্রমশঃ

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# মুখ্যমন্ত্রীর আদরের সোহানের প্রয়াণ, শোকস্তব্ধ ঝড়খালি!

**নুরসেলিম লস্কর, বাসন্তী**



মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের আদর করা নাম পাওয়া বাঘ 'সোহান' আর নেই। দীর্ঘ বার্ধক্যজনিত অসুস্থতার কারণে ঝড়খালি ব্যাঘ্র পুনর্বাসন কেন্দ্রে তার মৃত্যু হয়েছে। শনিবার বন দপ্তর সূত্রে এই খবর নিশ্চিত করা হয়। ২০১২ সালে মুখ্যমন্ত্রী যখন ঝড়খালি ব্যাঘ্র পুনর্বাসন কেন্দ্রের উদ্বোধন করেন, তখনই দুটি বাঘের নাম রাখেন 'সোহান' ও 'সোহানি'। সুন্দরবনের লোকালয়ে ঘুরে বেড়ানো এই বাঘদুটিকে সংরক্ষণের জন্য আনা হয়েছিল। সোহানি কিছুদিন আগেই মারা গিয়েছিল, এবার সোহানও না ফেরার দেশে পাড়ি জমাল।২০০৯ সালে সাতজেলিয়া গ্রামের আশেপাশে বারবার ঢুকে পড়ছিল সোহান। পরে বন দপ্তর তাকে ধরে এনে প্রথমে আলিপুর চিড়িয়াখানায় রাখে। তারপর ঝড়খালি ব্যাঘ্র পুনর্বাসন কেন্দ্রে স্থানান্তরিত করা হয়। দীর্ঘ ২২ বছর ধরে সোহান পর্যটকদের কাছে অন্যতম আকর্ষণ ছিল। তবে বয়স বাড়ার সঙ্গে সঙ্গে নানা শারীরিক সমস্যায় ভুগছিল সে। বাঁ চোখে ছানি পড়েছিল, ফলে দেখতে পেত না। চিকিৎসকদের নিয়মিত তত্ত্বাবধানেও শেষ রক্ষা হলো না।সোহানের মৃত্যুতে শুধু ঝড়খালির কর্মীরাই নয়, বহু পর্যটকও মর্মাহত। তার একাকিত্ব কাটাতে নতুন একটি বাঘ আনা হলেও, তাতে সোহানের মন ভরেনি। রাজ্যের বন্যপ্রাণ শাখার অধিকর্তা নীলাঞ্জন মল্লিক বলেন, "সোহানের বয়স হয়েছিল প্রায় ২২ বছর, যা একটি বাঘের গড় আয়ুর কাছাকাছি। স্বাভাবিক কারণেই সে বার্ধক্যজনিত অসুস্থতায় মারা গেছে।" ঝড়খালি পুনর্বাসন কেন্দ্র এখন শুধুমাত্র একটিমাত্র বাঘের আশ্রয়স্থল। নতুন বাঘ আনার পরিকল্পনা করা হতে পারে, তবে সোহান ও সোহানির জায়গা কেউই পূরণ করতে পারবে না। শনিবার বনদপ্তরের তরফ থেকে এই খবরটি নিশ্চিত করা হয়েছে। ময়নাতদন্তের পর নিয়মমাফিক শেষকৃত্য সম্পন্ন হয়েছে বলেও বন দপ্তর সূত্রে খবর।



## আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance (Randhumahal Club) - 9735697689
Child Line – 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219
(Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364,
(Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

## রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সপ্না মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফার্মেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 10 জীবন জ্যোতি ফার্মেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফার্মেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফার্মেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফার্মেসী | 17 ইউনিক ফার্মেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফার্মেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফার্মেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফার্মেসী | 28 সৌভিক ফার্মেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফার্মেসী |




# অভিষেক বার্তার পরের দিনই শ্যামপুরে তৃণমূলে যোগদান...

**সুলেখা চক্রবর্তী, হাওড়া**


রবিবার হাওড়ার শ্যামপুর বিধানসভার বানেশ্বরপুর এক গ্রাম পঞ্চায়েতের গুড়েপোল হাই স্কুল সেমিনার হলে তৃণমূল কংগ্রেসে যোগদান করল বেশ কিছু বি জে পি কর্মী সমর্থক। উল্লেখ্য রাজ্যের শাসক দল তৃণমূল কংগ্রেসের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় বিধানসভা নির্বাচনকে সামনে রেখে এক বছর আগেই সংগঠন গুছিয়ে নেওয়ার উপর জোর দিয়েছেন। শনিবার গ্রাস রুট লেভেলের তৃণমূল কংগ্রেসের নেতাদের সঙ্গে ভার্চুয়াল সভায় সরাসরি তিনি বুথ স্তরের কমিটি তৈরি করার নির্দেশ দিয়েছেন। তারপরের দিন অর্থাৎ রবিবার ই যুব সম্মেলন করলো শ্যামপুরের বানেশ্বরপুর এক গ্রাম পঞ্চায়েতের তৃণমূল কংগ্রেস কর্মীরা। নেতৃত্ব দেন যুবনেতা অরিন্দম মন্ডল। সম্মেলনটি উদ্বোধন করেন শ্যামপুরের বিধায়ক কালিপদ মন্ডল। উপস্থিত ছিলেন হাওড়া গ্রামীণ জেলা তৃণমূল কংগ্রেসের সহ সভাপতি শ্রীধর মন্ডল, সাধারণ সম্পাদক জুলফিকার আলী মোল্লা ।শ্যামপুর কেন্দ্র তৃণমূল কংগ্রেসের সভাপতি নদে বাসি জানা প্রমূখ । এদিন বক্তব্য রাখতে গিয়ে বিধায়ক কালীপদ বাবু নিজের অঞ্চলে তৃণমূল কংগ্রেসের উত্থান সম্পর্কে বলতে গিয়ে কেঁদে ফেলেন। এদিন তিনি বলেন, "শুধুমাত্র টাকা কামানোর জন্য রাজনীতি করা নয়। এখনো শ্যামপুরের আড়ালে আবডালে টাকার খেলা চলে বলে আমার কানে এসেছে। এটা বন্ধ করতে হবে। সিপিএম, কংগ্রেস সকলের সঙ্গেই সৎ ভাব রেখে চলতে হবে। সব ধরনের মানুষের সঙ্গে ভালো ব্যবহার করতে হবে"। বানেশ্বরপুর এক গ্রাম পঞ্চায়েত এলাকার বিজেপি নেতা সুব্রত মান্নার নেতৃত্বে বেশ কিছু বিজেপি কর্মী তৃণমূল কংগ্রেসে ফিরে আসেন। অভিষেক বার্তা পর প্রথম দিনেই শ্যামপুরে তৃণমূলের শাখা সংগঠন যুব তৃণমূল কংগ্রেসের সম্মেলন এবং তৃণমূল কংগ্রেসের বিজেপি কর্মীদের যোগদান রাজনৈতিক মহলে বিশেষ গুরুত্বপূর্ণ মনে করছে রাজনৈতিক অভিজ্ঞ মহল। যদিও এই যোগদানের ফলে বি জে পির কোন ক্ষতি হবে না বলে মন্তব্য করেছেন স্থানীয় বি জে পি নেতৃত্ব।

# যেকোনো হামলার ‘ধ্বংসাত্মক’ জবাব দেওয়া হবে : হুঁশিয়ারি ইরানের

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

ইরানের ইসলামি বিপ্লবী গার্ড বাহিনী (আইআরজিসি) হুঁশিয়ারি দিয়েছে, যেকোনো আক্রমণের মুখে তারা ‘কঠোর ও ধ্বংসাত্মক’ প্রতিক্রিয়া দেখাবে। ইয়েমেনে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সামরিক অভিযানের পর তার এই সতর্কবার্তা আসলো।

শনিবার ট্রাম্প ঘোষণা করেন, ইয়েমেনের হুথিদের হুমকি মোকাবিলায় যুক্তরাষ্ট্র ‘সিদ্ধান্তমূলক ও শক্তিশালী’ সামরিক পদক্ষেপ নিয়েছে। তিনি ইরানকে হুথিদের প্রতি সমর্থন বন্ধের আহ্বান জানান। হুথি কর্মকর্তারা দাবি করেছেন, এই হামলায় ৩১ জন নিহত হয়েছেন।



রবিবার টেলিভিশনে দেওয়া এক ভাষণে আইআরজিসি প্রধান হোসেইন সালামি বলেন, ইরান যুদ্ধ চায় না, তবে কেউ হুমকি দিলে উপযুক্ত, কঠোর ও সুস্পষ্ট জবাব দেওয়া হবে।

তিনি আরও বলেন, হুথিরা সম্পূর্ণ স্বাধীনভাবে নিজেদের কৌশলগত ও সামরিক সিদ্ধান্ত নেয়। তবে যুক্তরাষ্ট্রের দাবি, ইরান হুথিদের অস্ত্র ও সামরিক সহায়তা দিয়ে আসছে।

ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র এসমাইল বাকায়ী যুক্তরাষ্ট্রের হামলাকে ‘নির্মম’ উল্লেখ করে জাতিসংঘ সনদের গুরুতর লঙ্ঘন বলে অভিহিত করেছেন।

এদিকে, ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি ‘এক্স’ (সাবেক টুইটার)-এ পোস্ট দিয়ে বলেছেন, ‘যুক্তরাষ্ট্রের ইরানের পররাষ্ট্রনীতি নির্ধারণের কোনো অধিকার নেই। তারা ইয়েমেনের জনগণের ওপর হামলা বন্ধ করুক।’

**মধ্যপ্রাচ্যে অস্থিরতা আরও বাড়ার আশঙ্কা**

বিশ্লেষকদের মতে, যুক্তরাষ্ট্রের সামরিক হামলা ও ইরানের পাল্টা হুঁশিয়ারির ফলে মধ্যপ্রাচ্যে উত্তেজনা আরও বাড়তে পারে। তারা বলছেন, ট্রাম্পের দ্বিতীয় দফা ক্ষমতা গ্রহণের পর যুক্তরাষ্ট্রের মধ্যপ্রাচ্য নীতিতে নতুন মোড় এসেছে। তবে এই সামরিক উত্তেজনার পরিণতি কী হবে, তা নিয়ে বিশ্বজুড়ে উদ্বেগ বাড়ছে।

## জাতীয় দিবস উদযাপন উপলক্ষে পোর্ট লুই সফর আইএনএস ইম্ফলের

**নয়াদিল্লি, ১৫ মার্চ, ২০২৫**

মরিশাস সফর শেষ করল আইএনএস ইম্ফল। ১৪ মার্চ জাহাজটি পোর্ট লুই ত্যাগ করে। ৫৭তম মরিশাস জাতীয় দিবস উদযাপন উপলক্ষে এই জাহাজটিকে সেখানে পাঠানো হয়েছিল। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন, প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী।

সফরকালে বেশ কয়েকটি পেশাগত আলোচনা এবং সাংস্কৃতিক বিনিময় নিয়ে কথা হয়। ১২ মার্চ মরিশাস জাতীয় দিবস উদযাপন উপলক্ষে এই জাহাজ পরিদর্শনের জন্য সর্বসাধারণের উদ্দেশে খুলে দেওয়া হয়। ১৩০০-র বেশি মানুষ এটি পরিদর্শন করেন।

জাহাজের কর্মীরা পোর্ট লুইয়ে মরিশাস পুলিশ এবং এনসিজি সদর কার্যালয় সহ বেশ কিছু সামরিক প্রতিষ্ঠান ঘুরে দেখেন। জাহাজের কম্যান্ডিং অফিসার ক্যাপ্টেন কমল কে চৌধুরী মরিশাস সরকারের পদস্থ আধিকারিকদের সঙ্গে সাক্ষাৎ করেন।

## কেনো মণিপুর যাচ্ছেন না অমিত শাহ?



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

প্রায় দুই বছর ধরে গোষ্ঠী সংঘাতে উত্তপ্ত ভারতের মণিপুর। সেখানে দেশটির প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর না-যাওয়া নিয়ে প্রায়ই কেন্দ্রীয় সরকারকে নিশানা করেছেন ভারতের বিরোধীরা। সেই আবহে উত্তর-পূর্ব ভারত সফরে যাচ্ছেন ভারতের কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। যদিও তার সফরসূচিতে নেই মণিপুর।

তিন দিনের উত্তর-পূর্ব সফরে যাচ্ছেন অমিত। সংবাদ সংস্থা পিটিআইকে কেন্দ্রীয় সরকারি এক কর্মকর্তা জানিয়েছেন, শুক্রবার রাতেই আসামের যোরহাটে পৌঁছাবেন অমিত শাহ। সেখান থেকে যাবেন গোলাঘাট জেলার দেড়গাঁওয়ে। জায়গাটি যোরহাটের ঠিক পাশেই। দেড়গাঁওয়ের লাচিত বারফুকান পুলিশ ব্যারাকে রাত্রিযাপন করবেন ভারতের স্বরাষ্ট্রমন্ত্রী। লাচিত বারফুকান পুলিশ ব্যারাকের প্রথম দফার সংস্কারের কাজ সম্প্রতিই শেষ হয়েছে। তার জন্য ব্যয় হয়েছে ১৬৭.৪ কোটি রুপি। শনিবার সকালে তারই উদ্বোধন করার কথা অমিত শাহের। একই সঙ্গে দ্বিতীয় পর্বের সংস্কার কাজের শিলান্যাসও করবেন। দ্বিতীয় পর্বের কাজের জন্য খরচ হবে ৪২৫.৪৮ কোটি টাকা।

সংবাদ সংস্থা পিটিআই জানিয়েছে, দেড়গাঁওয়ের কর্মসূচি শেষ করে অমিত শাহ রওনা দেবেন মিজোরামের উদ্দেশে। সম্প্রতি আসাম রাইফেলসকে মিজোরামের রাজধানী আইজল থেকে ১৫ কিলোমিটার দূরে জোখাওসাংয়ে স্থানান্তরিত করার প্রক্রিয়া শুরু হয়েছে। সেই সংক্রান্ত একটি অনুষ্ঠানে যোগ দেওয়ার কথা ভারতের স্বরাষ্ট্রমন্ত্রীর। এর পর শনিবার সন্ধ্যাতেই তার ফিরে আসার কথা গুয়াহাটিতে। রাত্রিযাপন করার কথা সেখানেই। এর পর রবিবার সকালে শাহের যাওয়ার কথা অসমের কোকরাঝাড়ের দটমায়। সেখানে বোরোদের ছাত্র সংগঠনের ৫৭তম বার্ষিক সম্মেলনে যোগ দেওয়ার কথা তার। সেখানে উপস্থিত থাকার কথা আসামের মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্বশর্মারও।

(২ পাতার পর)

## দুই বন্ধুর মৃতদেহ উদ্ধার ঘনাচ্ছে রহস্য, খুন নাকি দুর্ঘটনা

অমরকানন গ্রামীণ হাসপাতালে নিয়ে যায়। মৃত যুবকদের নাম দেবাশিস মণ্ডল ও বাপ্পা মাজি।

স্থানীয় সূত্রে জানা গিয়েছে, বাঁকুড়ার শালতোড়া থানার কাঁটাবাইদ গ্রামের বাসিন্দা ওই দুই যুবক জেলার বাইরে কাজ করতো। সম্প্রতি হরিনাম সংকীর্তন উপলক্ষে তাঁরা গ্রামে ফিরে আসে। শনিবার রাত সাড়ে দশটা নাগাদ দুই বন্ধু একটি বাইকে বেরিয়ে যায়। রাতে আর তাঁরা বাড়িতে ফেরেনি। পরের দিন সাত সকালে প্রাতঃভ্রমণে বেরিয়ে বাঁকুড়ার গঙ্গাজলঘাটি থানার শালবেদিয়া গ্রামের মানুষ দেখেন গ্রামের প্রান্তে রাস্তার ধারে স্তূপ করে রাখা ইটের পাশে দুই যুবকের মৃতদেহ পড়ে রয়েছে। অদূরে পড়ে রয়েছে একটি বাইক। তড়িঘড়ি থানায় খবর দিলে গঙ্গাজলঘাটি থানার পুলিশ মৃতদেহ দুটি উদ্ধার করে। পরে কাঁটাবাইদ গ্রামে খবর গেলে মৃত দুই যুবকের পরিবার অমরকানন গ্রামীণ হাসপাতালে গিয়ে তাঁদের শনাক্ত করে।

# সিনেমার খবর

## শোতে শাহরুখকে নিয়ে ঠাট্টা, মেজাজ দেখিয়ে যা বলেন কিং খান



স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন

তিনি শাহরুখ খান, বলিউডের বাদশা। যদিও ক্যারিয়ারের শুরু থেকে তার পথ মোটেও মসৃণ ছিল না। একটা সময় তিনি স্থির করেই উঠতে পারতেন না, লিড রোলে অভিনয় করবেন নাকি তিনি ভিলেন হবেন। কারণ সেই সময় সলমন খান ও আমির খান দুজনেই হিরো হিসেবে দর্শকদের নজর কেড়েছেন। আর শাহরুখের ইমেজ তখন– ক-ক-ক-কিরণ।

আজও এই সংলাপ সবার মুখে মুখে ভাইরাল। তার নকল করে কত মানুষ মঞ্চে মঞ্চে সুনাম কুড়িয়েছেন। তবে শাহরুখ খান কি সত্যি এসব পছন্দ করেন? শাহরুখ খানের নকল মানেই অধিকাংশ মানুষ ক-ক-ক-ক কিরণ শব্দটি ব্যবহার করে থাকেন। শাহরুখ খানের ‘ডর’ সিনেমা থেকে সর্বাধিক চর্চিত এই সংলাপ দিয়ে অনেকে আবার ব্যঙ্গও করেন অভিনেতাকে। তবে সত্যি কি শাহরুখ তা পছন্দ করেন?

একবার কপিল শর্মা শোয়ে এসে সবাইকে চমকে দিয়েছিলেন শাহরুখ খান। হঠাৎই টক শোয়ের পক্ষ থেকে মঞ্চে উপস্থিত দুই ব্যক্তি শাহরুখ খানের নকল করতে শুরু করেন। আর মুহূর্তে ক-ক-ক-ক কিরণ বলতেই চিৎকার করে ওঠেন শাহরুখ। গোটা শুট তখন থমকে। প্রতিবাদ জানিয়ে শাহরুখ বলেছিলেন, ‘এটা কী ইয়ার্কি হচ্ছে? আমরাও মানুষ, আমাদেরও খারাপ লাগে।’ এখানেই শেষ করেন না কিং খান। উল্টে বলে বসেন, ‘দেব আনন্দ, অমিতাভ বচ্চনকে কাউকেই ছাড়া হচ্ছে না। শিল্পীদের সম্মান করতে হয়।’

কপিল শর্মা শাহরুখ খানকে বোঝাতে গেলে, তিনি উঠে দাঁড়িয়ে পড়েন। পাশে বসে থাকা অভিষেক বচ্চনও সম্মতি জানান শাহরুখকে। শাহরুখ প্রশ্ন করে বসেন, ‘আমি কোথায় এভাবে সংলাপ বলেছি? আমার তো মনে পড়ে না।’

পরিস্থিতি জটিল হতেই শাহরুখ হঠাৎই সবাইকে হাসিয়ে বলেন তিনি মজা করছিলেন। তবে দর্শকদের মত, তিনি যা বলেছেন, সবটাই মন থেকে।

## মুম্বাইয়ে একাধিক সম্পত্তি বিক্রি করলেন প্রিয়াঙ্কা, বলিউড ছাড়ার গুঞ্জন



স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন

সম্পত্তি বিক্রি করছেন অভিনেত্রী প্রিয়াঙ্কা চোপড়া জোনাস। খবর ছড়িয়ে পড়তেই অভিনেত্রীকে নিয়ে গুঞ্জন দানা বেঁধেছে। মুম্বাইয়ে প্রিয়াঙ্কার একাধিক বিলাসবহুল বাড়ি রয়েছে। তার মধ্যে চারটি ফ্ল্যাট তিনি সম্প্রতি বিক্রি করে দিয়েছেন বলে জানিয়েছে ভারতীয় সংবাদমাধ্যমগুলো।

গত ৩ মার্চ প্রিয়াঙ্কা তার ফ্ল্যাটগুলো বিক্রি করেছেন বলে জানা গেছে। অন্ধেরির একটি বিলাসবহুল আবাসনে ফ্ল্যাটগুলো কিনেছিলেন প্রিয়াঙ্কা। তার সঙ্গে ছিল দু’টি গাড়ি পার্কিংয়ের জায়গা। মোট ১৬ কোটি ৭০ লাখ টাকায় বিক্রি হয়েছে সেগুলো। ২০২৪ সালে প্রিয়াঙ্কার মা মধু চোপড়া এবং ভাই সিদ্ধার্থ চোপড়া পুণেতে একটি বাংলো লিজ নেন। সেই বাড়িটির মাসিক ভাড়া ২ লাখ টাকা।

অন্যদিকে, এর আগেও মুম্বাইয়ে নিজের ফ্ল্যাট বিক্রি করেছেন প্রিয়াঙ্কা। লোখণ্ডওয়ালায় একটি আবাসনে দু’টি পেন্টহাউস ছিল তার। ২০২৩ সালে ৬ কোটি টাকায় বাড়ি দু’টি বিক্রি করে দেন অভিনেত্রী। তার আগে ২০২১ সালেও ভারসোভার দু’টি ফ্ল্যাট বিক্রি করেছিলেন তিনি।

এদিকে মুম্বাইয়ে একের পর সম্পত্তি বিক্রির খবরে প্রশ্ন উঠেছে, প্রিয়ঙ্কা কি বলিউডের সঙ্গে সম্পর্ক ছিন্ন করতে চাইছেন। গত বছর একটি সাক্ষাৎকারে প্রিয়ঙ্কা দাবি করেছিলেন, বলিউডে এক সময় তিনি রাজনীতির শিকার হয়েছিলেন। তাই সরে গিয়েছিলেন। তাই কি তিনি ভারতে একের পর এক সম্পত্তি বিক্রি করছেন?

২০১৮ সালে আমেরিকান পপ তারকা নিক জোনাসের সঙ্গে বিয়ের পর লস অ্যাঞ্জেলেসে থাকতে শুরু করেন প্রিয়াঙ্কা।


উল্লেখ্য, ২০২১ সালে ‘দ্য স্কাই ইজ পিঙ্ক’-এর পর এখনও পর্যন্ত কোনো হিন্দি ছবিতে তাকে দেখা যায়নি।

## রণবীরের ডন ছাড়ছেন কিয়ারা, বিপাকে ফারহান

স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন

বলিউড অভিনেতা সিদ্ধার্থ মালহোত্রা ও বলিউড অভিনেত্রী কিয়ারা আদভানি ২০২৩ সালের ৭ ফেব্রুয়ারি বিয়ে করেছিলেন। দাম্পত্য জীবনের দুই বছর পার করে খুশির খবর দিলেন তারা। তাদের সংসারে আসতে চলেছে নতুন সদস্য। এতে মাতৃত্বের কারণেই ফারহান আখতারের ‘ডন থ্রি’ সিনেমা থেকে নাম কাটা যাচ্ছে তার। অন্তঃসত্ত্বা হওয়ার কারণেই সিনেমাটি নাকচ করে দিয়েছেন নায়িকা। ফলে গুঞ্জন শুরু হয়েছে আবারও পিছিয়ে যাচ্ছে সিনেমাটি।

বলিউডের অন্যতম জনপ্রিয় ফ্র্যাঞ্চাইজি ‘ডন’। অমিতাভ বচ্চন ও শাহরুখ খানের পর এবার ডন চরিত্রে দেখা যাবে রণবীর সিংকে। এছাড়া



কারিনা কাপুর ও প্রিয়াংকা চোপড়ার মতো বড় তারকারাও অভিনয় করেছে সিরিজটিতে। এবার তৃতীয় পর্বে নাম লিখিয়েছিলেন কিয়ারা। এর মাধ্যমে প্রথমবার জুটি বাঁধার সুযোগ হয় রণবীরের সঙ্গে। এখন শোনা যাচ্ছে, ডন থ্রি করবেন না কিয়ারা। ইতিমধ্যে এই সিনেমা থেকে সরে দাঁড়িয়েছেন তিনি।

কিয়ারা বর্তমানে ‘টক্সিক’ এবং ‘ওয়ার ২’ সিনেমার শুটিং নিয়ে ব্যস্ত। চলতি বছরের মাঝামাঝি সময়ে ডন থ্রির শুটিং শুরুর কথা। এ সময় তিনি মাতৃত্বকালীন বিরতি নিতে চাইছেন। কারণ প্রেগন্যান্সি পর্বটা পরিবারের সঙ্গেই কাটাতে চান। আর অভিনেত্রীর সিদ্ধান্তকে মেনে নিয়েছেন নির্মাতারা। ইতোমধ্যেই ডন থ্রি’র জন্য নতুন নায়িকা খোঁজা শুরু করেছেন তারা।

তবে এ নিয়ে এখনো কিয়ারা ও নির্মাতাদের পক্ষ থেকে আনুষ্ঠানিক কোনো বক্তব্য আসেনি। ডন থ্রি নিয়ে পরিচালক ফারহান আখতার যেন বিপদেই পড়েছেন। দ্বিতীয় পর্বের পর প্রায় ১৬ বছর পেরিয়ে গেছে। সবকিছু গুছিয়ে আনার পর শাহরুখ খান সিনেমাটি করতে রাজি হননি। এরপর রণবীরকে পছন্দ করেন নির্মাতা। এই সিদ্ধান্তের কারণে তুমুল সমালোচনার শিকার হন তিনি।

# বোর্ডের নতুন চুক্তিতে বেতন কমতে পারে বিরাট-রোহিত-জাদেজার

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

ভারতীয় ক্রিকেট বোর্ডের (বিসিসিআই) কেন্দ্রীয় চুক্তি বরাবরই চর্চায় থাকে। বিশ্বের সবচেয়ে ধনী ক্রিকেট বোর্ড থেকে কোন প্লেয়ার কত টাকা পাবেন, কোন প্লেয়ার কোন গ্রেডে থাকবেন সেটা নিয়ে আলোচনা চলে। গত বছর ২৮ ফেব্রুয়ারি ৩০ জন ক্রিকেটারকে বার্ষিক চুক্তির আওতায় নিয়ে এসেছিল ভারতীয় ক্রিকেট বোর্ড। বাদ পড়েছিলেন শ্রেয়াস আয়ার এবং ঈশান কিশন।

চ্যাম্পিয়ন্স ট্রফির পর ভারতীয় বোর্ড নতুন তালিকা প্রকাশ করতে পারে। সেখানে শ্রেয়াসের ফেরার সম্ভাবনা যেমন রয়েছে, তেমনই গ্রেড পরিবর্তন হওয়ার সম্ভাবনা রয়েছে বিরাট কোহলি, রোহিত শর্মার মতো তারকা খেলোয়াড়দের।

বিসিসিআই যে বার্ষিক চুক্তি ঘোষণা করে তাতে চারটি গ্রেড রয়েছে। সবচেয়ে বেশি টাকা পান গ্রেড 'এ প্লাস'-এ থাকা ক্রিকেটারেরা। এর



পর রয়েছে গ্রেড এ, বি এবং সি। শেষ যে তালিকা ঘোষণা করা হয়েছিল, সেখানে গ্রেড এ প্লাসে ছিলেন চার জন। কোহলি, রোহিতের সঙ্গে ছিলেন রবীন্দ্র জাদেজা এবং জসপ্রীত বুমরাহ। সাধারণত যে ক্রিকেটারেরা দেশের হয়ে তিন ধরনের ক্রিকেটেই নিয়মিত খেলেন, তাদের সবচেয়ে বেশি টাকা দেওয়া হয়। সেই কারণেই এই চার ক্রিকেটারকে গ্রেড এ প্লাসে রাখা হয়েছিল। কিন্তু কোহলি, রোহিত এবং জাদেজা টি-টোয়েন্টি ক্রিকেট থেকে গত বছর অবসর নিয়েছেন। যে কারণে তাদের গ্রেড পরিবর্তন হতে পারে বলে মনে করা হচ্ছে।

কোন ক্রিকেটারকে কোন গ্রেডে রাখা হবে, সেটা ঠিক হবে চ্যাম্পিয়ন্স ট্রফির পর। বোর্ড কর্তারা চ্যাম্পিয়ন্স ট্রফির পারফরম্যান্স দেখে কিছু ক্রিকেটারের গ্রেড ঠিক করতে চাইছেন বলে জানা গিয়েছে।

গত বার বোর্ডের চুক্তি থেকে বাদ যাওয়া শ্রেয়াস এ বার ফিরতে পারেন। তিনি চ্যাম্পিয়ন্স ট্রফিতে ভারতের হয়ে ধারাবাহিকভাবে রান করছেন। ঘরোয়া ক্রিকেটেও খেলেছেন। যে কারণে তাকে আবার চুক্তিতে ফেরানো হতে পারে। তবে ঈশানকে হয়তো ফেরানো হবে না। তিনি ভারতের হয়ে শেষ ম্যাচ খেলেছেন ২০২৩ সালের নভেম্বরে। গত দেড় বছরে দেশের হয়ে কোনও ম্যাচ না খেলা এক জনকে চুক্তির আওতায় না আনাটাই স্বাভাবিক।

শেষ তালিকা অনুযায়ী, গ্রেড এ-তে ছিলেন ছয়জন ক্রিকেটার। বি-তে ছিলেন পাঁচ জন এবং সি-তে ছিলেন ১৫ জন ক্রিকেটার। তা ছাড়া পাঁচজন পেসারকে আলাদাভাবে চুক্তিভুক্ত করা হয়েছিল। তারা হলেন-আকাশ দীপ, যশ দয়াল, উমরান মালিক, বিজয়কুমার ব্যশক এবং ভি কাভেরাপ্পা। শেষ এক বছরের পারফরম্যান্স বিচার করলে চুক্তি-তালিকায় বেশ কিছু বদল হওয়ার সম্ভাবনা রয়েছে।

## পাকিস্তান নিয়ে গাভাস্কারের মন্তব্যের জবাব দিলেন গিলেস্পি



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

চ্যাম্পিয়ন্স ট্রফিতে কোনো ম্যাচ জিততে পারেনি আয়োজক পাকিস্তান। নিউজিল্যান্ড ও ভারতের কাছে হেরে গ্রুপ পর্ব থেকেই ছিটকে গেছে তারা। আর বৃষ্টির কারণে বাতিল হয়েছে বাংলাদেশের বিপক্ষে ম্যাচটি। পাকিস্তানের এমন নাজেহাল অবস্থার মধ্যে কটূক্তি করেছেন ভারতের সাবেক কিংবদন্তি ক্রিকেটার সুনীল গাভাস্কার।

সম্প্রতি স্পোর্টস টুডেকে দেওয়া এক সাক্ষাৎকারে গাভাস্কার বলেছেন, ভারতের বি-টিমও পাকিস্তানকে সহজে হারাতে পারবে। যদিও সি-টিম হারাতে পারবে কিনা তা নিয়ে সন্দেহ আছে।

গাভাস্কার বলেন, আমি মনে করি ভারতের 'বি' দল অবশ্যই পাকিস্তানের বিপক্ষে কঠিন প্রতিদ্বন্দ্বিতা করতে পারে। 'সি' দল নিয়ে আমি নিশ্চিত নই। তবে বর্তমান ফর্ম অনুযায়ী, পাকিস্তানের জন্য ভারতের 'বি' দলকে হারানো খুবই কঠিন হবে।

গাভাস্কারের এমন মন্তব্যের বিরোধিতা করেছেন জেসন গিলেস্পি। চ্যাম্পিয়ন্স ট্রফির আগে বরখাস্ত হওয়া পাকিস্তানের সাবেক কোচ মনে করছেন, গাভাস্কার আজগুবি কথা বলছেন।

সাবেক অজি ক্রিকেটার গিলেস্পি মনে করেন, পাকিস্তান যদি তাদের সঠিক খেলোয়াড়দের দলে নেয় এবং পর্যাপ্ত সময় দেয়, তাহলে তারা যেকোনো দলকে হারিয়ে দিতে সক্ষম।

গিলেস্পি বলেন, আমি এই কথাবার্তা বিশ্বাস করি না। আমি সুনীল গাভাস্কারের কিছু মন্তব্য দেখেছি, যেখানে তিনি বলেছেন, ভারতের বি দল বা সি দল পাকিস্তানের প্রধান দলকে হারিয়ে দেবে। এটা সম্পূর্ণ আজগুবি কথা। একেবারে অর্থহীন। যদি পাকিস্তান সঠিক খেলোয়াড়দের নির্বাচন করে এবং মেলে ধরার, শেখার এবং খেলায় উন্নতি করার সময় দেয়, তাহলে তারা যেকোনো দলকে হারাতে সক্ষম। এ নিয়ে আমার কোনো সন্দেহ নেই।

## ১১ সপ্তাহ মাঠের বাইরে থাকতে পারেন নাথান আকে

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

মৌসুমটা বেশ বাজে কাটছে ম্যানচেস্টার সিটির। এরই মধ্যে দলটি পেল বড় এক দুঃসংবাদ। ডিফেন্ডার নাথান আকে অস্ত্রোপচারের পর মাঠে ফিরতে প্রায় ১১ সপ্তাহ সময় নিতে পারেন বলে জানিয়েছেন কোচ পেপ গুয়ার্দিওলা।

প্রিমিয়ার লিগে শনিবার নটিংহ্যাম ফরেস্টের মুখোমুখি হবে সিটি। ম্যাচের আগের দিন সংবাদ সম্মেলনে ডাচ ডিফেন্ডারের চোট পরিস্থিতি নিয়ে জানালেন গুয়ার্দিওলা।

"যখন কারো অস্ত্রোপচার হয়, তখন ব্যাপারটা গুরুতর। এই মৌসুমে পায়ের সমস্যা নিয়ে সে খুব ভুগেছে। (ক্লাবের চিকিৎসকরা) বলেছে, তার মাঠে ফিরতে ১০ বা ১১ সপ্তাহ লাগতে পারে।"

পেশির চোটে এক মাসের বেশি সময় বাইরে থাকার পর ফেব্রুয়ারির শেষ দিকে মাঠে ফেরেন আকে। এরপর কেবল দুটি ম্যাচ খেলতে পারেন তিনি। এফএ কাপের পঞ্চম রাউন্ডে প্লাইমাউথের বিপক্ষে পায়ে চোট পাওয়ার পর গত মঙ্গলবার অস্ত্রোপচার হয় তার পায়ে।





লিগ শিরোপা ধরে রাখার লড়াইয়ে অনেক পিছিয়ে পড়া সিটির নজর এখন আগামী মৌসুমে চ্যাম্পিয়ন্স লিগে জায়গা নিশ্চিত করার দিকে। আকের পাশাপাশি অন্য দুই ডিফেন্ডার জন স্টোন্স ও মানুয়েল আকঞ্জিও মাঠের বাইরে থাকায় কাজটা সহজ নয়।

পয়েন্ট তালিকায় তিনে থাকা নটিংহ্যামের বিপক্ষে নতুন আসা দুই তরুণ আব্দুখোদির কুজানভ ও ভিতো হেইসের ওপর রক্ষণের জন্য ভরসা করতে হবে সিটির। তাদের ওপর আস্থা আছেও গুয়ার্দিওলার।

"খুসানভের প্রভাব সত্যিই খুব ভালো ছিল। প্লাইমাউথের বিপক্ষে ভিতো খুব ভালো খেলেছিল। একাডেমির কয়েকজন সেন্টার-ব্যাক এখন আমাদের সঙ্গে খেলতে আসবে।"

● স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১
● Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O . : Uttar Moukhali,P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329 and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR